

তারিখ: 05/06/2017

### আর্থিক সাক্ষরতা সপ্তাহ (জুন 5- 9, 2017)

আর্থিক সাক্ষরতা হল আর্থিক সমৃদ্ধির দিশায় প্রথম পদক্ষেপ। আর্থিক সাক্ষরতা কোনও সাধারণ ব্যক্তিকে সেই তথ্যজ্ঞান সরবরাহ করে যা তাঁকে উত্তমতর আর্থিক সিদ্ধান্ত গ্রহণে এবং চূড়ান্ত ভিত্তিতে আর্থিক সু-পরিস্থিতি অর্জনে সক্ষম করে তোলে।

মূল বিষয়গুলির উপর ব্যাপক স্তরে সচেতনতা গড়ে তোলার উদ্দেশ্যে, ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক (আর বিআই) প্রতিবছরের একটি সপ্তাহ ‘আর্থিক সাক্ষরতা সপ্তাহ’ হিসাবে পালন করার সিদ্ধান্ত নিয়েছে। এবছর আরবিআই, রাজ্যসমূহ জুড়ে, জুন 5 থেকে 9 তারিখ আর্থিক সাক্ষরতা সপ্তাহ পালন করবে। এই সপ্তাহটি জুড়ে যে বার্তাগুলি দেওয়া হবে বলে চিহ্নিত হয়েছে সেগুলি হল [\(ক\) আপনার গ্রাহককে জানুন \(কেওয়াইসি\)](#), [\(খ\) ঋণ সম্পর্কিত নিয়মানুবর্তিতা](#), [\(গ\) ডিজিটাল ব্যবস্থার দিকে গমন- ইউপিআই](#), [\(ঘ\) ডিজিটাল ব্যবস্থার দিকে গমন \\*99#\(ইউএসএসডি\)](#) এবং [\(ঙ\) অসন্তোষ/অভিযোগ নিষ্পত্তির পদ্ধতি সম্পর্কে সচেতনতা](#)

এই সপ্তাহটি জুড়ে সংঘটিত কার্যকলাপের মধ্যে যুক্ত থাকবে বিভিন্ন ব্যাঙ্ক শাখায় আর্থিক সাক্ষরতা তত্ত্ব সম্পর্কিত প্রদর্শন, বিভিন্ন জেলায় সামগ্রিকভাবে জনসাধারণের জন্য সাক্ষরতা শিবির-এর ব্যবস্থাপনা, আর্থিক সাক্ষরতা কেন্দ্রগুলিতে সাক্ষরতা উদ্যোগের ব্যাপকতা বৃদ্ধি ইত্যাদি। আরবিআই-এর আধিকারিকগণ ব্যাঙ্ক এবং জেলাস্তরীয় কর্তৃপক্ষের সাথে কাজ করবে যাতে উদ্যোগটি সফলতা লাভ করে।

আজ আরবিআই-এর মুম্বই আঞ্চলিক কার্যালয়ে একটি সংক্ষিপ্ত অনুষ্ঠানের মধ্য দিয়ে মহারাষ্ট্র রাজ্যে সপ্তাহ ব্যাপী এই কার্যক্রমটির সূচনা করা হল। মহারাষ্ট্রে যেসব ব্যাঙ্ক গুরুত্বের সাথে উপস্থিত সেইসকল ব্যাঙ্ক তৎসহ অন্যান্য ব্যাঙ্কের বরিষ্ঠ কার্যনির্বাহীগণ উক্ত সভায় উপস্থিত ছিলেন। আরবিআই কর্তৃক প্রদর্শনের উদ্দেশ্যে প্রস্তুত আর্থিক সাক্ষরতা বিষয়বস্তু প্রকাশ করেন মুখ্য অতিথি, শ্রী জি. পদ্মনাভন, চেয়ারম্যান, ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, তৎসহ তিনি উপস্থিত অভ্যাগতদের উদ্দেশ্যে বক্তব্যও রাখেন এবং আর্থিক সাক্ষরতা উদ্যোগের তাৎপর্যের উপর আলোকপাত করেন। আরবিআই-এর মহারাষ্ট্রে এবং গোয়া-র আঞ্চলিক অধিকর্তা ড. এস রাজাগোপাল মহাশয় অনুষ্ঠানটিতে সভাপতিত্ব করেন। অন্যান্য বরিষ্ঠ কার্যনির্বাহীগণ যাঁরা অনুষ্ঠানটিতে বক্তব্য রাখেন তার মধ্যে ছিলেন শ্রী আর.পি. মারাঠে, এমডি এবং সিইও ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র, শ্রী নীরজ ব্যাস, উপ মহা প্রবন্ধক, এসবিআই এবং শ্রী কে.কে. তানেজা, মহাপ্রবন্ধক, সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া।

অজিত প্রসাদ

সহায়ক উপদেষ্টা

প্রেস প্রকাশনি : 2016-2017/3284